# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## সংস্থাপন মন্ত্রণালয়
## বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২৯-০৮-২০০৪ খ্রিঃ/ ১৪-০৫-১৪১১ বঙ্গাব্দ তারিখে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২য় সভা গত ২৯-০৮-২০০৪ তারিখ রবিবার দুপুর ০২.০০ ঘটিকায় সংস্থাপন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ও বোর্ডের চেয়ারম্যান সফর রাজ হোসেন এর সভাপতিত্বে বাংলাদেশ সচিবালয়ের লাইব্রেরী হল রুমে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্য/কর্মকর্তাগণের তালিকা "সংলাগ-১" - তে দেখানো হইল।

সভার প্রারম্ভে চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত জানাইয়া সভার আলোচ্যসূচী অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য বোর্ডের মহা-পরিচালক ও সদস্য-সচিব এম, এ, রাজেক-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

সভায় উপস্থাপিত কার্যপত্রের ধারাবাহিকতা অনুযায়ী বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ ঃ

১। **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২৯-০২-২০০৪ তারিখে অনুষ্ঠিত ১ম সভার কার্য বিবরণী নিশ্চিত করন।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর ২৯-০২-২০০৪ তারিখে অনুষ্ঠিত ১ম সভার কার্য বিবরণী বোর্ডের সম্মানীত সকল সদস্যদের নিকট প্রেরণ করা হইয়াছে। কার্যবিবরণী সম্পর্কে কোন সদস্যের নিকট হইতে কোন মন্তব্য পাওয়া যায় নাই। তবে বোর্ডের ১ম সভায় অনুমোদিত বিভিন্ন উপ-কমিটি ও বাছাই কমিটি সম্পর্কে আলোচনা হয়। এ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত কার্যবিবরণীর যথাস্থানে উল্লেখ করা হইল। অতঃপর ১ম সভার কার্যবিরণীর উক্ত কমিটিসমূহ সংশোধনী পূর্বক কার্যবিবরনীটি নিশ্চিত (Confirm) করা হয়।

২। **বিগত ২৯-০২-২০০৪ তারিখে অনুষ্ঠিত ১ম বোর্ড সভার সিদ্ধান্তাবলী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

২(ক) ঃ **২০০৩-২০০৪ অর্থ বৎসরে শিক্ষাবৃত্তি বন্টনের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং ২০০৪-২০০৫ অর্থ বৎসরের শিক্ষাবৃত্তির জন্য বাজেট বরাদ্দের প্রস্তাব।**

(১) ২০০৩-২০০৪ অর্থ বৎসরে রাজস্ব বাজেটে প্রাপ্ত টাঃ ৮,৫০,০০,০০০/- (টাঃ আট কোটি পঞ্চাশ লক্ষ) এবং ২০০২-২০০৩ অর্থ বৎসরে প্রধান কার্যালয় (ঢাকা মহানগরী) সহ ৬ টি বিভাগীয় কার্যালয় হইতে অব্যয়িত ও ব্যাংক মুনাফা টাঃ ৬৯,২৪,৬৪২/-(উনসত্তর লক্ষ চব্বিশ হাজার ছয়শত বিয়াল্লিশ) সহ সর্বমোট টাঃ ৯,১৯,২৪,৬৪২/-(নয় কোটি উনিশ লক্ষ চব্বিশ হাজার ছয়শত বিয়াল্লিশ) সরকারী কর্মচারীদের নিকট হইতে প্রাপ্ত ১,০০,৮৯৪ টি দরখাস্তের মাধ্যমে মোট ১,৭৮,৫২২ জন ছাত্র/ছাত্রীর মধ্যে বৃত্তি পাওয়ার যোগ্য ১,৬৮,৫৬৩ জন ছাত্র/ছাত্রীর অনুকূলে কেন্দ্রিয় শিক্ষাবৃত্তি নির্বাচনী কমিটি কর্তৃক নির্দ্ধারিত হারে কোর্স ভিত্তিক শিক্ষাবৃত্তির অর্থ বরাদ্দ করা হইয়াছিল। বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালকগণ জানান যে, ইতিমধ্যে শিক্ষাবৃত্তি বন্টনের কাজ সম্পন্ন হইয়াছে। তবে শিক্ষাবৃত্তি বন্টনের হিসাব পাওয়ার পর প্রকৃত খরচের হিসাব পরবর্তী সভায় অনুমোদনের জন্য পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ২০০৪-২০০৫ অর্থ বৎসরে রাজস্ব বাজেটে প্রাপ্ত টাঃ ১০.০০ কোটি (দশ কোটি) এবং ২০০৩-২০০৪ অর্থ বৎসরের অব্যয়িত ও ব্যাংক মুনাফাসহ যে অর্থ পাওয়া যাইবে সেই অর্থ কেন্দ্রীয় শিক্ষাবৃত্তি নির্বাচনী কমিটি কর্তৃক বন্টনের বিষয়টি অনুমোদনের প্রস্তাব বোর্ড কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

CamScanner

**২(খ)। ২০০৩-২০০৪ অর্থ বৎসরে চিকিৎসা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া ও অন্যান্য কারনে সাহায্য প্রদান অগ্রগতি পর্যালোচনা এবং ২০০৪-২০০৫ অর্থ বৎসরের বাজেট বরাদ্দের প্রস্তাব।**

(১) চিকিৎসা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া ও অন্যান্য কারনে আর্থিক সাহায্য প্রদানের জন্য ২০০৩-২০০৪ অর্থ বৎসরে রাজস্ব বাজেটে টাঃ ১.০০ কোটি (এক কোটি), সংশোধিত বাজেটে টাঃ ২০.০০ লক্ষ (বিশ লক্ষ) এবং প্রধান কার্যালয় (ঢাকা মহানগরী) সহ ৬ টি বিভাগের ২০০২-২০০৩ অর্থ বৎসরের অব্যয়িত টাঃ ১৩,১৯,৬৫৩/- (তের লক্ষ উনিশ হাজার ছয়শত তিপান্ন) সহ সর্বমোট টাঃ ১,৩৩,৬৬,৯৫০/-(এক কোটি তেত্রিশ লক্ষ ছেষট্টি হাজার নয়শত পঞ্চাশ) প্রধান কার্যালয় ঢাকাসহ বিভাগীয় কার্যালয়ের জন্য বরাদ্দ করা হইয়াছিল। বরাদ্দকৃত অর্থ খরচের হিসাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় (পরিশিষ্ট - "ক")।

(২) ২০০৪- ২০০৫ অর্থ বৎসরে সরকারের রাজস্ব বাজেটে এই খাতে আর্থিক সাহায্য প্রদানের জন্য বরাদ্দকৃত টাঃ ১.২০ কোটি (এক কোটি বিশ লক্ষ) এবং ২০০৩-২০০৪ অর্থ বৎসরের অব্যয়িত টাঃ ৩০,১৬,৬৫৩/- (ত্রিশ লক্ষ ষোল হাজার ছয়শত তিপ্পান্ন) সহ সর্বমোট টাঃ ১,৫০,১৬,৬৫৩/- (এক কোটি পঞ্চাশ লক্ষ ষোল হাজার ছয়শত তিপ্পান্ন) প্রধান কার্যালয় ঢাকাসহ বিভাগীয় কার্যালয়ে বরাদ্দের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় (পরিশিষ্ট - "খ")।

**২(গ)। ২০০৩-২০০৪ অর্থ বৎসরে ষ্টাফ বাস কর্মসূচী সম্পর্কে সিদ্ধান্ত পর্যালোচনা ও ২০০৪-২০০৫ অর্থ বৎসরের বাজেট বিভাজন অনুমোদন।**

**(১) ২০০৩-২০০৪ অর্থ বৎসরের ষ্টাফ বাস কর্মসূচীর খরচ অনুমোদনঃ**

ষ্টাফ বাস কর্মসূচী পরিচালনায় ২০০৩-২০০৪ অর্থ বৎসরে প্রকৃত আয় সর্বমোট টাঃ২,৬৮,০৪,১৭৮.৩৮ (দুই কোটি আটষট্টি লক্ষ চার হাজার একশত আটাত্তর এবং পয়সা আটত্রিশ) হইতে প্রকৃত খরচ টাঃ২,৬০,৬৫,৫৮৫.৯৮ (দুই কোটি ষাট লক্ষ পয়ষট্টি হাজার পাঁচশত পঁচাশি এবং পয়সা আটানব্বই) মাত্র (পরিশিষ্ট - "গ") তে এবং ষ্টাফ বাস কর্মসূচীতে নিয়োজিত কর্মচারীদের বেতনভাতাদি বাবদ টাঃ৯১,১৫,১৭৩.৯২ (একানব্বই হাজার পনের হাজার একশত তিয়াত্তর এবং পয়সা বিরানব্বই) হইতে টাঃ ৮৮,৭১,১৯৮.২৬ (আটাশি লক্ষ একাত্তর হাজার একশত আটানব্বই এবং পয়সা ছাব্বিশ) খরচের হিসাব (পরিশিষ্ট - "ঘ") বিস্তারিতভাবে আলোচনার পর সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**(২) সিলেট বিভাগীয় সদরে ও রাংগামাটি, বান্দরবন এবং খাগড়াছড়ি জেলা সদরে সরকারী কর্মকর্তা/ কর্মচারীদের অফিসে যাতায়াতের জন্য ষ্টাফ বাস চালু করণ।**

সিলেট বিভাগীয় সদরের জন্য ১(এক) টি মিনিবাস (৩০ আসনের) এবং রাংগামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলার জন্য একটি করিয়া মাইক্রোবাস মোট ৪টি গাড়ী ক্রয়ের উদ্দেশ্যে সাবেক কল্যাণ কমিটির ৩০-১-২০০২ তারিখে অনুষ্ঠিত ৪৪তম সভায় সিদ্ধান্ত থাকিলেও অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ শাখার স্মারক নং অম/অবি/(ব্যঃনিঃ-৩)/সংস্থা-১১/২০০৪/২৬৫ তারিখ ১৫-৬-২০০৪ এর মাধ্যমে জন প্রশাসন সংস্কার কমিশনের সুপারিশ মোতাবেক বোর্ডের গাড়ী ক্রয়ে অর্থ বরাদ্দের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অপারগতা বোর্ডকে অবহিত করা হয়। সভায় সিলেট বিভাগের কমিশনার সরকারি কর্মচারীদের যাতায়াতের জন্য ষ্টাফ বাস বরাদ্দের জন্য পুনরায় দাবী জানান। এ বিষয়ে বোর্ডের চেয়ারম্যান মহোদয় লিখিতভাবে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করেন।

**৩। ষ্টাফ বাস কর্মসূচীর জন্য সৃষ্ট পদসমূহ সংরক্ষণ ও ২০০৪-২০০৫ অর্থ বৎসরের বাজেট বরাদ্দের প্রস্তাব।**

**(ক) ষ্টাফ বাস কর্মসূচীর জন্য সৃষ্ট পদ সংরক্ষণ ঃ**

ষ্টাফ বাস কর্মসূচী পরিচালনার উদ্দেশ্যে বোর্ড কর্তৃক সৃষ্ট নিম্নবর্নিত ১৩১টি পদ ৩০ জুন, ২০০৫ পর্যন্ত জাতীয় বেতন স্কেলে এবং নির্ধারিত বেতনে সংরক্ষণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | কম্পিউটার অপারেটর | ১ (এক) | ২৫৫০-৫৫০৫/- | |
| ২। | সুপার ভাইজার(নন-টেকনিক্যাল) | ১ (এক) | ২২৫০-৪৭৩৫/- | |

(খ) **২০০৪-২০০৫ অর্থ বৎসরে ষ্টাফ বাস পরিচালনায় বাজেট বিভাজন অনুমোদনঃ**

২০০৪-২০০৫ অর্থ বৎসরে ষ্টাফ বাস কর্মসূচীর গাড়ীর জ্বালানী, খুচরা যন্ত্রাংশ ক্রয়, গাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষন, বি,আর, টি,সি এবং বেসরকারী মালিকানাধীন ভাড়াকৃত বাসের ব্যয় মিটানোর জন্য রাজস্ব বাজেটে অনুদান হিসাবে টাঃ ২.০২ কোটি (দুই কোটি দুই লক্ষ) ও প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়ের ব্যাংক জের (৩০-৬-২০০২ পর্যন্ত) টাঃ ৭,৩৮,৫৯২.৪৪ (সাত লক্ষ আটত্রিশ হাজার পাঁচশত বিরানব্বই এবং পয়সা চুয়াল্লিশ) এবং বাসের যাত্রীদের ভাড়া ও অন্যান্য আয়সহ টাঃ৬২,১৫,০০০/- (বাষট্টি লক্ষ পনের হাজার) সহ সর্বমোট টাঃ২,৭১,৫৩,৫৯২.৪৪ (দুই কোটি একাত্তর লক্ষ তিপ্পান্ন হাজার পাঁচশত বিরানব্বই এবং পয়সা চুয়াল্লিশ) মাত্র এর আন্তঃসমন্বয়যোগ্য বাজেট বিভাজন, প্রধান কার্যালয়, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও রাংগামাটি পার্বত্য জেলার ষ্টাফ বাস কর্মসূচী পরিচালনা ব্যয় মিটানোর জন্য প্রস্তাবিত ব্যয় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়(পরিশিষ্ট " ঙ ")।

(গ) **২০০৪-২০০৫ অর্থ বৎসরে কর্মচারীদের বেতন বাবদ সহায়তা খাতে বাজেট বিভাজন অনুমোদনঃ**

ষ্টাফ বাস কর্মসূচীর কর্মচারীদের বেতন বাবদ সহায়তা খাতে ২০০৪-২০০৫ অর্থ বৎসরে রাজস্ব বাজেটে প্রাপ্ত অনুদান টাঃ ৯২,২৫,০০০/- (বিরানব্বই লক্ষ পঁচিশ হাজার) ও ২০০৩-২০০৪ অর্থ বৎসরে অব্যয়িত টাঃ২,৪৩,৯৭৫.৬৬ (দুই লক্ষ তেতাল্লিশ হাজার নয়শত পঁচাত্তর এবং পয়সা ছেষট্টি) সহ সর্বমোট টাঃ৯৪,৬৮,৯৭৫.৬৬ (চুরানব্বই লক্ষ আটষট্টি হাজার নয়শত পঁচাত্তর এবং পয়সা ছেষট্টি) এর আন্তঃসমন্বয়যোগ্য বাজেট বিভাজন বরাদ্দের প্রস্তাব আলোচনার পর সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়(পরিশিষ্ট -চ)।

(ঘ) **মতিঝিল মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের সুপারভাইজার পদের বেতন স্কেল উন্নীতকরণ প্রসঙ্গে।**

মতিঝিল মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রে কর্মরত সুপারভাইজার মাহফুজা বেগম তাহার বর্তমান বেতন স্কেল টাঃ ২২৫০-৪৭৩৫/- হইতে টাঃ ৩৪০০-৬৬২৫/- তে উন্নীত করার জন্য আবেদন করেন। তিনি আবেদনে উল্লেখ করেন যে, কেন্দ্রটি সুপারভাইজার তত্ত্বাবধান করিলেও এই প্রতিষ্ঠানে কম্পিউটার প্রশিক্ষিকার বেতন স্কেল টাঃ ২৫৫০-৫৫০৫/- যাহা সুপারভাইজার পদের বেতন স্কেলের উপরে। বিষয়টি বোর্ডে আলোচনা হয় এবং বোর্ডের চেয়ারম্যান মহোদয় এই বিষয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করেন। এই ব্যাপারে বোর্ডের সদস্য-সচিব জানান যে, সুপারভাইজার পদটি বোর্ড কর্তৃক সৃষ্ট এবং রাজস্বখাতভূক্ত পদ নয় ও বিষয়টি বোর্ডের

এখতিয়ারভুক্ত। বিষয়টি আলোচনার পর সুপারভাইজারের বর্তমান বেতন স্কেল টাঃ ২২৫০-৪৭৩৫/- হইতে টাঃ ২৫৫০-৫৫০৫/- বেতন স্কেলে উন্নীত করার প্রস্তাব বোর্ড কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

(ঙ) **ষ্টাফ বাস কর্মসূচী ও মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের কর্মচারীদের ভবিষ্য তহবিল প্রসংগে।**

ষ্টাফ বাস কর্মসূচী ও মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের কর্মচারীদের পেনশন ও গ্রাচ্যুইটির অর্থ ঢাকা জিপিও এর পরিবর্তে সাবেক কল্যাণ কমিটির গত ৪৬তম সভার সিদ্ধান্ত অনুযায়ী রাষ্ট্রায়াত্ব সোনালী ব্যাংকে রাখা হইতেছে। কর্মচারীদের ভবিষ্য তহবিলের অর্থও ঢাকা জিপিও এর পরিবর্তে অনুরূপভাবে সোনালী ব্যাংকে রাখার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

(চ) **ষ্টাফ বাসে যাতায়াতকারী কর্মচারীদের ভাড়া আদায় প্রসঙ্গে।**

সরকারি কর্মচারীদের স্বল্প ভাড়ায় ষ্টাফ বাস দ্বারা সময়মত অফিসে আনা নেওয়া করার জন্য তাহাদের নামে ইস্যুকৃত টিকেটের শর্ত অনুসারে প্রতি মাসের ভাড়া উক্ত মাসের ৭ তারিখের মধ্যে প্রদানের নিয়ম থাকিলেও অধিকাংশ যাত্রীই সময়মত ভাড়া পরিশোধ করেননা। বকেয়া ভাড়া আদায়ের ক্ষেত্রে কর্মচারী ও যাত্রীদের মধ্যে অহেতুক কথা কাটাকাটি হয়, ফলে এক বিব্রতকর অবস্থার সৃষ্টি হয়। এই অবস্থা নিরসন কল্পে প্রতি মাসের ভাড়া যাহাতে নিয়মিত আদায় হয় সেইজন্য ভাড়া বকেয়া রাখার কারণে প্রতিমাসের ভাড়ার সঙ্গে টাঃ ৫/- (পাঁচ) অতিরিক্ত চার্জ আদায়ের শর্ত আরোপের প্রস্তাব করা হয়। বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনার পর বকেয়া ভাড়ার জন্য প্রতিমাসে ভাড়ার সঙ্গে অতিরিক্ত চার্জ টাঃ ৫/- এর পরিবর্তে টাঃ ১০/- নির্ধারণ করা হয় এবং ইহা ০১ সেপ্টেম্বর ২০০৪ হইতে কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয়। এই ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে অবহিত করণের জন্য একটি অফিস আদেশ জারীর সিদ্ধান্ত হয়।

(ছ) **ষ্টাফ বাস ক্রয়ের ক্ষেত্রে সরবরাহ ও পরিদর্শন অধিদপ্তর কর্তৃক বাস পরিদর্শন ফি পরিশোধ প্রসংগে ঃ**

১৯৯২ সালে ষ্টাফ বাস কর্মসূচীর জন্য দরপত্রের ভিত্তিতে মেসার্স নাভানা লিঃ হইতে জাপানের তৈরী ৫টি হিনো বাস প্রতিটি টাঃ ১৮.৭৫ লক্ষ (আঠার লক্ষ পচাত্তর হাজার) হিসাবে মোট টাঃ ৯৩.৭৫ লক্ষ (তিরানব্বই লক্ষ পচাত্তর হাজার) মাত্রতে ক্রয়ের পরিদর্শন ফি বাবদ সরবরাহ ও পরিদর্শন অধিদপ্তরের "পরিদর্শন ফি" বাবদ টাঃ৯০,০০০/-(নব্বই হাজার) সাবেক কল্যাণ কমিটি ৪৬তম সভার সিদ্ধান্তানুযায়ী সরবরাহ ও পরিদর্শন সেবা কোড নং ১/১৭৩৯/০০০০/২০২৫ জমা খাতে ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ করা হইয়াছে। বিষয়টি বোর্ডের সদয় অবগতির জন্য পেশ করা হয়। এই বিষয়ে বোর্ড সন্তোষ প্রকাশ করিয়া ধন্যবাদ জ্ঞাপন করে।

৪। **মহিলা কারিগরী প্রশিক্ষন কেন্দ্র সম্পর্কে ২০০৩-২০০৪ অর্থ বৎসরে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও ২০০৪-২০০৫ অর্থ বৎসরের বাজেট বিভাজন অনুমোদন।**

(ক) **২০০৩-২০০৪ অর্থ বৎসরের খরচের হিসাব অনুমোদনঃ**

ঢাকা মহানগরীতে মতিঝিল ও চট্টগ্রাম, রাজশাহী, খুলনা এবং বরিশাল বিভাগে ১টি করিয়া মোট ৫টি মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনার জন্য ২০০৩-২০০৪ অর্থ বৎসরে প্রকৃত আয় টাঃ৪৪,৪৩,০৮৩/- (চুয়াল্লিশ লক্ষ তেতাল্লিশ হাজার তিরাশি) হইতে ২০০৩-২০০৪ অর্থ বৎসরে প্রকৃতভাবে টাঃ ৪০,৭৮,৮৫৯/২০ (চল্লিশ লক্ষ আটাত্তর হাজার আটশত উনষাট এবং পয়সা বিশ) খরচ হয়। উপস্থাপিত হিসাব সম্পর্কে পর্যালোচনা করিয়া খরচের হিসাব যথাযথ বলিয়া সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়(পরিশিষ্ট "ছ")।

(খ) মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র সমূহের জন্য সৃষ্ট পদ সংরক্ষণ ও ২০০৪-২০০৫ অর্থ বৎসরের বাজেট বিভাজন অনুমোদন।

(১) মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের সৃষ্ট পদ সংরক্ষণ ঃ

মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র সমূহ পরিচালনার জন্য বোর্ড কর্তৃক সৃষ্ট নিম্নবর্ণিত ৪৭(সাত চল্লিশ)টি পদ ৩০ জুন, ২০০৫ পর্যন্ত জন্য সংরক্ষণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রমিক নং | কেন্দ্রের নাম | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল |
|---|---|---|---|---|
| ১। | মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র কাম-কমিউনিটি সেন্টার, মতিঝিল, ঢাকা। | ক) সুপার ভাইজার | ১ (এক) | ২২৫০-৪৭৩৫/- |
| | | খ) কম্পিউটার অপারেটর কাম-প্রশিক্ষিকা। | ১ (এক) | ২৫৫০-৫৫০৫/- |
| | | গ) প্রশিক্ষিকা (বুনন ও এমব্রঃ) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | ঘ) প্রশিক্ষিকা (সেলাই) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | ঙ) প্রশিক্ষিকা (সেক্রেঃ সায়েন্স) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | চ) প্রশিক্ষিকা (টাইপিং) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | ছ) মেকানিক | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | জ) মেসেঞ্জার | ১ (এক) | ১৫০০-২৪০০/- |
| | | ঝ) দারোয়ান | ৩ (তিন) | ১৫০০-২৪০০/- |
| | | ঞ) সুইপার | ২ (দুই) | ১৫০০-২৪০০/- |
| | | মোট ঃ | ১৩(তের) টি | |
| ২। | মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, আগ্রাবাদ কলোনী চট্রগ্রাম। | ক) কম্পিউটার অপারেটর কাম-প্রশিক্ষিকা | ১ (এক) | ২৫৫০-৫৫০৫/- |
| | | খ) প্রশিক্ষিকা (বুনন ও এমব্রঃ) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | গ) প্রশিক্ষিকা (সেলাই) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | ঘ) প্রশিক্ষিকা (সেক্রেঃ সায়েন্স) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | ঙ) মেসেঞ্জার | ১ (এক) | ১৫০০-২৪০০/- |
| | | চ) দারোয়ান | ৩ (তিন) | ১৫০০-২৪০০/- |
| | | ছ) সুইপার | ১ (এক) | ১৫০০-২৪০০/- |
| | | মোট ঃ | ৯ (নয়)টি | |
| ৩। | মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, বয়রা, খুলনা। | ক) কম্পিউটার অপারেটর কাম-প্রশিক্ষিকা | ১ (এক) | ২৫৫০-৫৫০৫/- |
| | | খ) প্রশিক্ষিকা (বুনন) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | গ) প্রশিক্ষিকা (সেলাই) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | ঘ) প্রশিক্ষিকা (সেক্রেঃ সায়েন্স) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | ঙ) মেসেঞ্জার | ১ (এক) | ১৫০০-২৪০০/- |
| | | চ) দারোয়ান | ৩ (তিন) | ১৫০০-২৪০০/- |
| | | ছ) সুইপার | ১ (এক) | ১৫০০-২৪০০/- |
| | | মোট ঃ | ৯ (নয়) টি | |
| ৪। | মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, হেলেনাবাদ কলোনী, রাজশাহী | ক) কম্পিউটার অপারেটর কাম-প্রশিক্ষিকা | ১ (এক) | ২৫৫০-৫৫০৫/- |
| | | খ) প্রশিক্ষিকা (বুনন) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | গ) প্রশিক্ষিকা (সেলাই) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | ঘ) প্রশিক্ষিকা (সেক্রেঃ সায়েন্স) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | ঙ) প্রশিক্ষিকা (টাইপিং) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | চ) মেসেঞ্জার | ১ (এক) | ১৫০০-২৪০০/- |
| | | ছ) দারোয়ান | ৩ (তিন) | ১৫০০-২৪০০/- |
| | | জ) সুইপার | ১ (এক) | ১৫০০-২৪০০/- |
| | | মোট ঃ | ১০ (দশ) টি | |
| ৫। | মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল। | ক) কম্পিউটার অপারেটর কাম-প্রশিক্ষিকা | ১ (এক) | ২৫৫০-৫৫০৫/- |
| | | খ) প্রশিক্ষিকা (বুনন ও এমব্রঃ) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | গ) প্রশিক্ষিকা (টাইপিং) | ১ (এক) | ১৮৭৫-৩৬০৫/- |
| | | ঘ) মেসেঞ্জার | ১ (এক) | ১৫০০-২৪০০/- |
| | | ঙ) দারোয়ান | ২ (দুই) | ১৫০০-২৪০০/- |
| | | মোট ঃ | ৬(ছয়) টি পদ | |
| | | সর্বমোট ঃ | ৪৭(সাতচল্লিশ) টি পদ | |

(২) <u>২০০৪-২০০৫ অর্থ বৎসরের মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনায় বাজেট বিভাজন অনুমোদন।</u>

২০০৪-২০০৫ অর্থ বৎসরে মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রসমূহ পরিচালনার ক্ষেত্রে ব্যয় নির্বাহের জন্য টাঃ ৪২,৯৫,০০০/- (বিয়াল্লিশ লক্ষ পঁচানব্বই হাজার) আন্তঃসমন্বয়যোগ্য বাজেট বিভাজন প্রস্তাব পর্যালোচনা করিয়া সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়(পরিশিষ্ট-"জ")।

৫। <u>সরকারী কর্মচারীদের জন্য ২০০৩-২০০৪ অর্থ বৎসরের গৃহীত কল্যাণমূলক কার্যক্রম অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা ও ২০০৪-২০০৫ অর্থ বৎসরের বাজেট বরাদ্দের প্রস্তাব।</u>

(ক) <u>২০০৩-২০০৪ অর্থ বৎসরে বরাদ্দকৃত অর্থ খরচের হিসাব অনুমোদন ঃ</u>

সরকারী কর্মকর্তা/কর্মচারীদের জন্য গৃহীত বিভিন্ন কল্যাণমূলক কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে ২০০৩-২০০৪ অর্থ বৎসরে রাজস্ব বাজেট প্রাপ্ত অনুদান টাঃ ১.২০ কোটি (এক কোটি বিশ লক্ষ) ও ২০০২-২০০৩ অর্থ বৎসরের অব্যয়িত টাঃ ৩,৩৩,৯৮০.৩৬ (তিন লক্ষ তেত্রিশ হাজার নয়শত আশি এবং পয়সা ছয়ত্রিশ) সহ সর্বমোট টাঃ১,২৩,৩৩,৯৮০.৩৬ (এক কোটি তেইশ লক্ষ তেত্রিশ হাজার নয়শত আশি এবং পয়সা ছয়ত্রিশ) হইতে ক্লাব কমিউনিটি সেন্টার নির্মান, অনুদান, বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতা এবং মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনার জন্য প্রস্তাবিত খরচের হিসাব পর্যালোচনা করিয়া সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়(পরিশিষ্ট "ঝ")।

(খ) <u>২০০৪-২০০৫ অর্থ বৎসরের কল্যাণমূলক কার্যক্রম বাস্তবায়নের জন্য বাজেট অনুমোদনঃ</u>

২০০৩-২০০৪ অর্থ বৎসরে কমিটি কর্তৃক অনুমোদিত বাজেট বরাদ্দ দ্বারা যে সমস্ত কল্যাণমূলক কার্যক্রম বাস্তবায়নাধীন রহিয়াছে তাহা পর্যালোচনা এবং ২০০৪-২০০৫ অর্থ বৎসরের রাজস্ব বাজেট প্রাপ্ত অনুদান টাঃ ১.২০ কোটি (এক কোটি বিশ লক্ষ) এবং ২০০৩-২০০৪ অর্থ বৎসরের অব্যয়িত টাঃ ৫,৮৬,৩৫২.১৮ (পাঁচ লক্ষ ছিয়াশি হাজার তিনশত বাহান্ন এবং পয়সা আঠার) সহ সর্বমোট টাঃ ১,২৫,৮৬,৩৫২.১৮ (এক কোটি পঁচিশ লক্ষ ছিয়াশি হাজার তিনশত বাহান্ন এবং পয়সা আঠার) দ্বারা ২০০৪-২০০৫ অর্থ বৎসরে যে সমস্ত কল্যাণমূলক কার্যক্রম বাস্তবায়নের উদ্দেশ্যে বাজেট বরাদ্দের প্রস্তাব করা হইয়াছে তাহা বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়(পরিশিষ্ট 'ঞ')।

(গ) <u>ক্লাব/কমিউনিটি সেন্টার স্থাপন/সম্প্রসারণ/সংস্কার কাজের অগ্রগতি ও ব্যয় বরাদ্দের বিস্তারিত বিবরণঃ</u>

| ক্রঃ নং | ক্লাব/কমিউনিটিসেন্টার/ সমিতি প্রতিষ্ঠানের নাম | প্রস্তাবিত কাজের বিবরণ | প্রাককলিত মোট টাকা | কন্টিনজেন্সী ওয়ার্ক চার্জ বাদে প্রাককলিত টাকা | পূর্বে ছাড়কৃত টাকা | ২০০৩-২০০৪ অর্থ বৎসরে বরাদ্দের প্রস্তাব | মন্তব্য/অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | ঢাকা মহানগরী | | | | |
| ১। | অফিসার্স ক্লাব, বেইলি রোড, ঢাকা। | কম্পিউটার ক্রয়ের জন্য | টাঃ ১,০০,০০০/- | টাঃ ১,০০,০০০/- | নতুন প্রস্তাব | টাঃঃ ১,০০,০০০/- | কম্পিউটার ক্রয়ের জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত টাকা বরাদ্দের প্রস্তাব অনুমোদিত হয়। |
| ২। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। | মতিঝিল মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের বাথরুম পাকাকরনের জন্য মাটিকাটা ,সলিং আরসিসি কলাম, ভিম, ছাদ,জলছাদ, দরজা ও জানালার কাঠ, কনে কক্ষে থাই এ্যালুমিনিয়াম দরজা ও জানালা এবং রং করণ ইত্যাদি কাজ। | টাঃ ৯,০২,২৬৭/- | টাঃ ৮,৪৪,৬৭৬/- | ২০০৩-২০০৪ অর্ত বৎসরে টাকা ৪.০০ লক্ষ ছাড় কৃত | টাঃ ৪,৪৪,৬৭৬/- | গণপূর্ত বিভাগ কর্তৃক উল্লিখিত কাজের জন্য প্রনীত প্রাককলন অনুযায়ী কাজ চলিতেছে বিধায় উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব অনুমোদিত হয়। |
| ৩। | ধানমন্ডি গেজেটেড অফিসার্স কোয়ার্টার্স কমিউনিটি সেন্টার | নতুন কমিউনিটি সেন্টার নির্মান | টাঃ ১৪,২৬,০৬৪/- | টাঃ ১৩,৫৮,১৫৬/- | নতুন প্রস্তাব | টাঃ ৪,০০,০০০/- | গণপূর্ত বিভাগ কর্তৃক উল্লিখিত কাজের জন্য প্রনীত প্রাককলন অনুযায়ী উক্ত নির্মান কাজের জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে টা ঃ ৪,০০,০০০/- বরাদ্দের প্রস্তাব গৃহীত হয়। |
| | | | ঢাকা বিভাগ | | | | |
| ১। | গাজীপুর অফিসার্স ক্লাব | গাজীপুর অফিসার্স ক্লাব নির্মান | টাঃ ২৮,৫৪,৮৭৮/- | টাঃ ২৮,৫৪,৮৭৮/- | টাঃ ২২.৫০ লক্ষ টাকা (৯৪-৯৫, ৯৫-৯৬, ৯৬-৯৭ ও ৯৭-৯৮ ও ২০০১-২০০২, ২০০২-২০০৩, ২০০৩-২০০৪ সনে ছাড়কৃত | টাঃ ১,০০,০০০/- | প্রাকলিত মোট টাকার মধ্যে ২২.৫০ লক্ষ টাকা প্রদান করা হইয়াছে। ২০০৪-২০০৫ অর্থ বৎসরে টাঃ ১.০০ লক্ষ বরাদ্দের প্রস্তাব অনুমোদিত হয়। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২। | টাঙ্গাইল অফিসার্স ক্লাব | টাঙ্গাইল অফিসার্স ক্লাবের সম্প্রসারণ কাজ | টাঃ ৪,৯৯,৯৬৬/৬৮ | টাঃ ৪,৯৯,৯৬৬/৬৮ | টাঃ ৩.০০ লক্ষ ২০০২-২০০৩ ও ২০০৩-২০০৪ সনে ছাড়কৃত | টাঃ ১,৯৯,৯৬৬/৬৮ | প্রাক্কলন অনুযায়ী সম্প্রসারণ কাজ করার জন্য ২০০২-২০০৩ ও ২০০৩-২০০৪ অর্থ বৎসরে ৩.০০ প্রদান করা হইয়াছে। উক্ত কাজ সম্পন্ন করার জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে ১,৯৯,৯৬৬/৬৮ বরাদ্দের প্রস্তাব অনুমোদিত। |
| ৩। | রাজবাড়ী অফিসার্স ক্লাব | রাজবাড়ী অফিসার্স ক্লাবের দ্বিতল নির্মান। | টাঃ ৪,৯৯,০৫৬/- | টাঃ ৪,৭৭,৫৬৬/- | টাঃ ৩.০০ লক্ষ ২০০২-২০০৩ ও ২০০৩-২০০৪ সনে ছাড়কৃত | টাঃ ১,৭৭,৫৬৬/- | প্রাক্কলন অনুযায়ী সম্প্রসারণ কাজ করার জন্য ২০০২-২০০৩ ও ২০০৩-২০০৪ অর্থ বৎসরে ৩.০০ প্রদান করা হইয়াছে। উক্ত কাজ সম্পন্ন করার জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে ১,৭৭,৫৬৬/- বরাদ্দের প্রস্তাব গৃহীত হয়। |
| ৪। | বেলাব তৃতীয় চতুর্থ শ্রেণী সরকারী কর্মচারী কল্যাণ পরিষদ, নরসিংদী | ক্লাব ভবন সংস্কার কাজ। | টাঃ ৮৫,০০০/- | টাঃ ৮৫,০০০/- | নতুন প্রস্তাব | টাঃ ৮৫,০০০/- | প্রাক্কলন অনুযায়ী সংস্কার কাজ করার জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব গৃহীত হয়। |
| ৫। | ফরিদপুর অফিসার্স ক্লাব, ফরিদপুর। | ক্লাব ভবন নির্মান | টাঃ ১১,৬৭,৪৯৭/- | টাঃ ১১,৬৭,৪৯৭/- | নতুন প্রস্তাব | টাঃ ১,০০,০০০/- | প্রাক্কলন অনুযায়ী ক্লাব ভবন নির্মান করার জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব অনুমোদিত হয়। |
| ৬। | নরসিংদী কালেক্টরেট কর্মচারী কল্যাণ সমিতি। | ক্লাব-কাম কমিউনিটি সেন্টার নির্মান | টাঃ ৫,১১,৫২১/- সংশোধিত প্রাক্কলন | টাঃ ৫,১১,৫২১/- সংশোধিত প্রাক্কলন | সংশোধিত প্রাক্কলন | টাঃ ........... | গণপূর্ত বিভাগ কর্তৃক প্রণীত প্রাক্কলিত ১১,০৩,৬২৯/- মাত্রতে উক্ত কমিউনিটি সেন্টার নির্মানের জন্য সমুদয় অর্থ ছাড় করা হইয়াছে। ছাড়কৃত টাকা খরচের হিসাব ঢাকা বিভাগ কর্তৃক চাওয়া হইলে উক্ত হিসাব পাওয়া যায়নাই। তবে হিসাব পাওয়া গেলে পরবর্তীতে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যাইতে পারে বলিয়া বোর্ড কর্তৃক অভিমত ব্যক্ত করা হয়। |
| | | | **চট্টগ্রাম বিভাগ** | | | | |
| ১। | কাপ্তাই উপজেলা অফিসার্স ক্লাব। | সম্প্রসারন কাজ | টাঃ ৮,১০,৩৩৭/- | টাঃ ৮,১০,৩৩৭/- | নতুন প্রস্তাব | টাঃ ১,০০,০০০/- | প্রাক্কলন ৫.০০ লক্ষ এর মধ্যে সংশোধন পূর্বক সম্প্রসারন কাজ করার জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব গৃহীত হয়। |
| | | | **রাজশাহী বিভাগ** | | | | |
| ১। | সরকারী কর্মচারী কল্যাণ কেন্দ্র রাজশাহী | কেন্দ্রের সংস্কার, বৈদুতিক মেরামত ও প্রতিস্থাপনের কাজের জন্য | টাঃ ৫,৬১,৮৩২/- | টাঃ ৫,৬১,৮৩২/- | নতুন প্রস্তাব | টাঃ ১,০০,০০০/- | প্রাক্কলন অনুযায়ী কেন্দ্রের সংস্কার, বৈদুতিক মেরামত ও প্রতিস্থাপনের কাজের জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব অনুমোদিত হয়। |
| ২। | সরকারী কর্মচারী কল্যাণ কেন্দ্র রাজশাহী | কেন্দ্রের সীমানা প্রাচীর মেরামত কাজ | টাঃ ৮৪,৪৬০/- | টাঃ ৮৪,৪৬০/- | নতুন প্রস্তাব | টাঃ ৮৪,৪৬০/- | প্রাক্কলন অনুযায়ী কেন্দ্রের সীমানা প্রাচীর মেরামত কাজের জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব গৃহীত হয়। |
| | | | **খুলনা বিভাগ** | | | | |
| ১। | যশোর কালেকটরেট ক্লাব, যশোর। | ক্লাবের দ্বিতলা ভবন নির্মানের জন্য | টাঃ ১৫. লক্ষ | টাঃ ১৫.০০ লক্ষ | ............... | টাঃ ............... | গণপূর্ত বিভাগ, যশোর কর্তৃক প্রণীত প্রাক্কলন অনুযায়ী ২০০৩-২০০৪ অর্থ বৎসরে ২,৬৭,৯৭৮/- বরাদ্দ করা হইয়াছিল। কিন্তু মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত জায়গায় নির্মান কাজের অনুমতি না পাওয়ায় উক্ত অর্থ ছাড় করা হয় নাই। নির্মান কাজের অনুমতি না পাওয়ায় ২০০৪-২০০৫ অর্থ বৎসরে কোন অর্থ বরাদ্দ রাখার প্রস্তাব করা হয় নাই। তবে মন্ত্রিপরিষদ বিভাগের অনুমতি পাওয়া গেলে পরবর্তীতে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যাইতে পারে বলিয়া বোর্ড সভায় অভিমত ব্যক্ত করা হয়। |
| ২। | অফিসার্স ক্লাব, খুলনা। | ক্লাবের দেওয়াল, কিচেন ও টয়লেট নির্মান | টাঃ ২,০৮,৯৫০/- | টাঃ ২,০৮,৯৫০/- | নতুন প্রস্তাব | টাঃ ১,০০,০০০/- | প্রাক্কলন অনুযায়ী ক্লাবের দেওয়াল, কিচেন ও টয়লেট নির্মান কাজের জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। |
| ৩। | সরকারী কমিউনিটি সেন্টার, খুলনা। | কমিউনিটি সেন্টারের বৈদুতিক বিশেষ মেরামত কাজ | টাঃ ৪,৯৮,২৮৫/- | টাঃ ৪,৯৮,২৮৫/- | নতুন প্রস্তাব | টাঃ ১,০০,০০০/- | প্রাক্কলন অনুযায়ী কমিউনিটি সেন্টারের বৈদুতিক বিশেষ মেরামত কাজের জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব গৃহী হয়। |
| ৪। | মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা। | কেন্দ্রের সংস্কার কাজের জন্য | টাঃ ৫৬,৭৭৮/- | টাঃ ৫৬,৭৭৮/- | নতুন প্রস্তাব | টাঃ ৫৬,৭৭৮/- | প্রাক্কলন অনুযায়ী কেন্দ্রের সংস্কার কাজের জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব অনুমোদিত হয়। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৫। | মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা। | বৈদ্যুতিক মেরামত কাজ | টাঃ ৯৮,৫১৩/- | টাঃ ৯৮,৫১৩/- | নতুন প্রস্তাব | টাঃ ৯৮,৫১৩/- | প্রাক্কলন অনুযায়ী মহিলা কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রের বৈদ্যুতিক মেরামত কাজের জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব অনুমোদিত হয়। |
| ৬। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা | সরকারী স্টাফ বাসের গেরেজের সিভিল মেরামত কাজ | টাঃ ৪০,০০০/- | টাঃ ৪০,০০০/- | নতুন প্রস্তাব | টাঃ ৪০,০০০/- | প্রাক্কলন অনুযায়ী সরকারী স্টাফ বাসের গ্যারেজের সিভিল মেরামত কাজের জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব গৃহীত হয়। |
| | | | | সিলেট বিভাগ | | | |
| ১। | হবিগঞ্জ কালেক্টরেট ৪র্থ শ্রেণী সরকারী কর্মচারী কল্যাণ কেন্দ্র। | হবিগঞ্জ কালেক্টরেট ৪র্থ শ্রেণী সরকারী কর্মচারী কল্যাণ কেন্দ্র নির্মাণ। | টাঃ ৭,২৮,৭৭১/ | টাঃ ৭,২৮,৭১১/ | টাঃ ৬.০০ লক্ষ (২০০০-২০০২ ও ২০০২-২০০৩ সনে ছাড়কৃত) | টাঃ ............ | গণপূর্ত বিভাগ, হবিগঞ্জ কর্তৃক কালেক্টরেট ৪র্থ শ্রেণী সরকারী কর্মচারী কল্যাণ কেন্দ্র নির্মাণের জন্য গণপূর্ত বিভাগ কর্তৃক প্রণীত প্রাক্কলন অনুযায়ী ২০০৩-২০০৪ অর্থ বৎসরে ১,২৮,৭১১/- বরাদ্দ করা হইয়াছিল। কিন্তু মন্ত্রি পরিষদ কর্তৃক নির্ধারিত জায়গায় নির্মান কাজের অনুমতি না পাওয়ায় উক্ত অর্থ ছাড় করা হয় নাই। নির্মান কাজের অনুমতি না পাওয়ায় ২০০৪-২০০৫ অর্থ বৎসরে কোন অর্থ বরাদ্দ রাখার প্রস্তাব করা হয় নাই। তবে মন্ত্রিপরিষদ বিভাগের অনুমতি পাওয়া গেলে পরবর্তীতে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যাইতে পারে বলিয়া বোর্ড সভায় অভিমত ব্যক্ত করা হয়। |
| ২। | মৌলভী বাজার অফিসার্স ক্লাব, সিলেট | অফিসার্স ক্লাবের ভবন নির্মান | টাঃ ৫,৪০,০০০/- | টাঃ ৫,৪০,০০০/- | নতুন প্রস্তাব | টাঃ ২,০০,০০০/- | প্রাক্কলন অনুযায়ী অফিসার্স ক্লাবের ভবন নির্মান কাজের জন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে উল্লেখিত অর্থ বরাদ্দের প্রস্তাব অনুমোদিত হয়। |

(ঘ) <u>সরকারী কর্মচারীদের দ্বারা পরিচালিত ক্লাব/কমিউনিটি সেন্টার, সমিতি ও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান সমূহকে বার্ষিক অনুদান বাবদ ও বোর্ড কর্তৃক আয়োজিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বাজেট বরাদ্দ সংক্রান্ত।</u>

(১) সরকারী কর্মচারীদের দ্বারা সমগ্রদেশ ব্যাপী প্রায় ৫০০ (পাঁচশত) ক্লাব, কমিউনিটি সেন্টার, সমিতি ও এসোসিয়েশন পরিচালিত হইতেছে। ঐ সমস্ত প্রতিষ্ঠান সরকারী কর্মকর্তা/কর্মচারীদের সামাজিক, সাংস্কৃতিক, খেলাধূলা ও চিত্তবিনোদনমূলক কর্মসূচীর ব্যবস্থা করিয়া থাকে। ক্লাব, কমিউনিটি সেন্টার, সমিতি ও এসোসিয়েশনগুলি যাহাতে সুষ্ঠু ও সুন্দরভাবে তাহাদের কর্মকান্ড-পরিচালনা করিতে পারে, সেজন্য বিভিন্ন খাতওয়ারী বার্ষিক অনুদান বরাদ্দ করা হয়।

অন্য দিকে, প্রতি বৎসর সরকারী কর্মকর্তা/কর্মচারী ও তাহাদের সন্তানদের জন্য কেন্দ্রীয়ভাবে ঢাকায় এবং বিভাগীয় পর্যায়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হইয়া থাকে। ইহা ছাড়া বোর্ড কর্তৃক পরিচালিত মহিলা শিল্প হোম পরিচালনার জন্য অর্থ বরাদ্দ করা হইয়া থাকে। এই বিষয়ে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হইয়াছে বলিয়া বোর্ডকে অবহিত করা হয়(পরিশিষ্ট "ঞ")।

৬। <u>অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির বার্ষিক অনুদান সংক্রান্ত।</u>

অবসর প্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির বহুমূখী কল্যাণ প্রকল্প বাস্তবায়নের জন্য ২০০৪-২০০৫ বৎসরে সরকারের রাজস্ব বাজেটে টাঃ ১.০০ কোটি (এক কোটি) বরাদ্দ রহিয়াছে। উক্ত অর্থ কিস্তিতে ছাড় করিয়া সমিতিকে প্রদানের বিষয়টি প্রক্রিয়াধীন আছে বলিয়া বোর্ডকে অবহিত করা হয়।

৭। <u>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিজস্ব জায়গায় বহুতল ভবন নির্মান প্রসঙ্গে ঃ</u>

বোর্ডের সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বোর্ডের ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী ভবন নির্মানের বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী ও স্থাপত্য অধিদপ্তরের প্রধান স্থপতির মাধ্যমে সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) সহ নকশা প্রণয়ন এবং তাহার ভিত্তিতে প্রাক্কলন তৈরী করিয়া ১ (এক) মাসের মধ্যে সুপারিশ সচিব, সংস্থাপন মন্ত্রণালয়ের নিকট পেশ করার সিদ্ধান্ত গৃহীত হইলেও এই বিষয়ে কি কার্যক্রম গ্রহন করা হইয়াছে বোর্ড তাহা অবহিত নহে।

এই বিষয়ে গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষন করে সভায় জানান যে, ভবন নির্মানের বিষয়টি গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে সম্পন্ন করা হইবে। কিন্তু ভবনের নকশা প্রণয়ন এবং অনুমোদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের একতিয়ারাধীন। কাজেই ভবনের নকশা যত দ্রুত অনুমোদন পাওয়া যাইবে গণপূর্ত অধিদপ্তর তত তাড়াতাড়ি ভবন নির্মানের বিষয়ে অন্যান্য কার্যক্রম আরম্ভ করিতে পারিবে। এই ক্ষেত্রে ভবনের নকশা অনুমোদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যানকে অনুরোধ করেন।

বিষয়টি সভায় বিস্তারিতভাবে আলোচনার পর প্রধান প্রকৌশলী ভবন নির্মানের নকশা ও প্রাক্কলন প্রণয়ন এবং উহা অনুমোদনের জন্য চেয়ারম্যান মহোদয়ের সহিত আলোচনা করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন বলিয়া সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর জনবল সমন্বয় ও সাংগঠনিক কাঠামো প্রণয়ন সংক্রান্ত কমিটির সুপারিশ অনুমোদন।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর জনবল সমন্বয়, সাংগঠনিক কাঠামো প্রণয়ন ও সুপারিশ করার লক্ষ্যে যুগ্ম-সচিব (প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয়কে আহবায়ক করিয়া ৭(সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি সাবেক সরকারী কর্মচারী কল্যাণ অধিদপ্তরের অনুমোদিত ১১৩টি, সাবেক বোর্ড অব ট্রাষ্টিজের অনুমোদিত ৭৫টি এবং বর্তমান কমিটি কর্তৃক সুপারিশকৃত নূতন ৩৬টি পদ সহ মোট ২২৪টি পদ সমন্বয় পূর্বক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জন্য প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো ও টিওএন্ডই-তে অন্তর্ভূক্ত সরঞ্জামাদি সুপারিশ করে। কমিটি কর্তৃক সুপারিশকৃত সাংগঠনিক কাঠামো ও টিওএন্ডই-তে অন্তর্ভূক্ত সরঞ্জামাদি সভায় পেশ করা হয়।

কমিটি কর্তৃক সুপারিশকৃত সাংগঠনিক কাঠামো ও টিওএন্ডই-তে অন্তর্ভূক্ত সরঞ্জামাদি বোর্ড কর্তৃক পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনায় খুলনা বিভাগের উপ-পরিচালকসহ অন্যান্য বিভাগের উপ-পরিচালকগণ তাহাদের অফিস ও কমিউনিটি সেন্টারের অবস্থান দূরত্বের কারণে উহার নিরাপত্তা বিধান করা সম্ভব নয় বলিয়া জানান। খুলনার উপ-পরিচালক আরো জানান যে, খুলনা বিভাগীয় কার্যালয়ে পূর্বে ৪ জন দারোয়ান ছিল। বর্তমান সাংগঠনিক কাঠামোতে ২জন দারোয়ান রাখা হইয়াছে যাহা নিরাপত্তার জন্য যথার্থ নয়। কাজেই খুলনা বিভাগীয় কার্যালয়ে পূর্বের ন্যায় ৪ (চার) দারোয়ান রাখার প্রস্তাব করেন অপর দিকে চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালকও ২ জন দারোয়ানের স্থলে ৩ জন দারোয়ান, এইছাড়া চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা বিভাগীয় কার্যালয়ে কমিউনিটি সেন্টারের লাইব্রেরীর জন্য ৩ টি বুক সর্টার এর পদ সৃষ্টির প্রস্তাব করেন। সাংগঠনিক কাঠামোতে প্রোগ্রামার এর ১(এক)টি পদ সংযোজনের জন্য সহকারী প্রোগ্রামার বোর্ডের সদস্য-সচিবের নিকট অনুরোধ করেন। সভায় আলোচনা করিয়া অতিরিক্ত ৩ (তিন) টি দারোয়ান এবং ৩ টি বুক সর্টারের পদ সৃষ্টির প্রস্তাবে একমত পোষন করে। প্রোগ্রামারের নতুন পদ সৃষ্টির প্রস্তাব পরবর্তী সভায় পেশ করা যাইতে পারে বলিয়া অভিমত ব্যক্ত করা হয়।

অতপরঃ কমিটি কর্তৃক সুপারিশকৃত সাংগঠনিক কাঠামোতে অতিরিক্ত ৩ টি দারোয়ান এবং ৩ টি বুক সর্টারের পদ সংযোজনসহ সাংগঠনিক কাঠামো এবং টিওএন্ডই-তে অন্তর্ভূক্ত সরঞ্জামাদি পর্যালোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য সুপারিশ করে।

৪। **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর বিধিমালা প্রণয়ন সংক্রান্ত কমিটির সুপারিশকৃত বিধিমালা অনুমোদন প্রসঙ্গে।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এর আওতায় প্রস্তাবিত খসড়া বিধিমালা পরীক্ষা-নিরীক্ষা পূর্বক একটি বিধিমালা প্রণয়নের জন্য অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয়কে আহবায়ক করিয়া ১০(দশ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠণ করা হয়। উক্ত কমিটি বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এর বিভিন্ন দিক পরীক্ষা-নিরীক্ষা করিয়া প্রয়োজনীয় বিধিমালা প্রণয়ন করে। কমিটি কর্তৃক প্রণীত বিধিমালা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

সভায় বিধিমালার ১৪ এর (৫) অনুচ্ছেদে কোন কর্মচারী সরকারী দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হইয়া পড়িলে সেক্ষেত্রে অভিযুক্ত কর্মচারীর মামলার রায় তাহার পক্ষে হইলে তাহাকে আর্থিক সুবিধা প্রদানের জন্য সুপারিশ করা হইয়াছে। কোন মামলার রায় কর্মচারীর পক্ষে হইলে এমনিতেই সরকার হইতে মামলা পরিচালনা বাবদ অর্থ পাওয়া যায়। এই ক্ষেত্রে চেয়ারম্যান অভিমত ব্যক্ত করেন যে, কোন কর্মচারী সরকারী দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হইয়া পড়িলেই আর্থিক এবং আইনীসহায়তা পাওয়ার যোগ্য। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনার পর বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর খসড়া বিধিমালার ১৪(৫) এ বর্ণিত সুপারিশের পরিবর্তে ''কোন কর্মচারী সরকারী দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে উক্ত মামলার পরিচালনা ব্যয় বাবদ বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমান অর্থ উক্ত কর্মচারীকে প্রদান করা যাইবে'' বলিয়া সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হয়। বর্ণিত কারণে মামলায় জড়িত হইয়া পড়িলে কর্মচারীকে আর্থিক ও আইনগত সহায়তা প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় সুপারিশ করার লক্ষ্যে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।

কমিটি ঃ

| | | | |
|---|---|---|---|
| ০১। | যুগ্ম-সচিব (প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয় | - | আহবায়ক |
| ০২। | উপ-সচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| ০৩। | উপ-সচিব (মতামত), আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - | সদস্য |
| ০৪। | উপ-সচিব (ব্যয় নিয়ন্ত্রন), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - | সদস্য |
| ০৫। | উপ-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড | - | সদস্য |

কমিটি অভিযুক্ত কর্মচারীর মামলা সংক্রান্ত প্রাপ্ত আবেদনের কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিয়া আর্থিক ও আইনীসহায়তা প্রদানের উদ্দেশ্যে মতামতসহ সচিব, সংস্থাপন মন্ত্রণালয় বরাবরে পেশ করিবে। পেশকৃত মতামত বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করা হইবে বলিয়া সিদ্ধান্ত গৃহীত হয়।

বোর্ডের ১ম সভায় অনুমোদিত কেন্দ্রীয় শিক্ষা বৃত্তি, চিকিৎসা সাহায্য, দাফন/অন্তেষ্টিক্রিয়া/বিশেষ সাহায্য (চিকিৎসা, শিক্ষা-বৃত্তি, দাফন/অন্তেষ্টিক্রিয়া) উপ-কমিটি এবং বাছাই কমিটি গঠন সম্পর্কে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পর বিভিন্ন উপ-কমিটি ও বাছাই কমিটি সংশোধিত আকারে গঠন করা হয়।

## উপ-কমিটিসমূহ

(ক) কেন্দ্রীয় বিশেষ সাহায্য (চিকিৎসা, শিক্ষা বৃত্তি, দাফন/অন্তেষ্টিক্রিয়া) শিক্ষা বৃত্তি, চিকিৎসা সাহায্য, দাফন/অন্তেষ্টিক্রিয়া ও ক্লাবের অনুদান বরাদ্দ উপ-কমিটি ঃ

| | | | |
|---|---|---|---|
| (০১) | অতিরিক্ত সচিব, সংস্থাপন মন্ত্রণালয় | - | সভাপতি |
| (০২) | যুগ্ম-সচিব (প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয়। | - | সদস্য |
| (০৩) | মহা-পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | সদস্য |
| (০৪) | উপ-সচিব (ব্যয় নিয়ন্ত্রণ), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, (রাজস্ব বাজেটের বরাদ্দকৃত অর্থ মঞ্জুরীর ক্ষেত্রে) | - | সদস্য |
| (০৫) | উপ-সচিব (সওক), সংস্থাপন মন্ত্রণালয়। | - | সদস্য |
| (০৬) | উপ-সচিব, শিক্ষা মন্ত্রণালয়। (রাজস্ব বাজেটের বরাদ্দকৃত অর্থ মঞ্জুরীর ক্ষেত্রে) | - | সদস্য |
| (০৭) | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (কল্যাণ), সংস্থাপন মন্ত্রণালয়। | - | সদস্য |
| (০৮) | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশাসন), সমাজ কল্যাণ মন্ত্রণালয়। | - | সদস্য |
| (০৯) | উপ-হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)। | - | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (১০) | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সংস্থাপন মন্ত্রণালয়। (রাজস্ব বাজেটের বরাদ্দকৃত অর্থ মঞ্জুরীর ক্ষেত্রে) | - | সদস্য |
| (১১) | সহকারী পরিচালক/প্রশাসনিক অফিসার (কল্যাণ তহবিল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | সদস্য |
| (১২) | সহকারী পরিচালক (কর্মসূচী), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। (রাজস্ব বাজেটের বরাদ্দকৃত অর্থ মঞ্জুরীর ক্ষেত্রে) | - | সদস্য |
| (১৩) | সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় এর প্রতিনিধি (মেডিকেল অফিসার পদমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| (১৪) | ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীগণের একজন করে প্রতিনিধি (সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| (১৫) | উপ-পরিচালক (প্রশাসন ও কল্যাণ)/(কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | সদস্য-সচিব |

উল্লেখ্য যে, প্রধান কার্যালয়ের বাছাই কমিটির সুপারিশ মোতাবেক অফিসার ও কর্মচারী নিজ এবং পরিবারের অন্যান্য সদস্যদের দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার সাহায্য মহা-পরিচালকের অনুমোদনক্রমে সম্পন্ন হইবে। বিভাগীয় কার্যালয়ে যথারীতি সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশ মোতাবেক উপ-কমিটির মাধ্যমে নিষ্পন্ন হইবে।

**(খ) বিভাগীয় বিশেষ সাহায্য (চিকিৎসা, শিক্ষা বৃত্তি, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া), শিক্ষা বৃত্তি, চিকিৎসা সাহায্য, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া ও ক্লাবের অনুদান বরাদ্দ উপ-কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (০১) | অতিরিক্ত বিভাগীয় কমিশনার | - | সভাপতি |
| (০২) | পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় অথবা তাহার প্রতিনিধি (সহকারী পরিচালক পদমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| (০৩) | ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস্ অথবা তাহার প্রতিনিধি | - | সদস্য |
| (০৪) | উপ-পরিচালক, বিভাগীয় কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অথবা তাহার প্রতিনিধি (সহকারী পরিচালক পদমর্যাদা সম্পন্ন) | - | সদস্য |
| (০৫) | সহকারী পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড | - | সদস্য |
| (০৬) | সিভিল সার্জনের প্রতিনিধি (মেডিকেল অফিসার পদমর্যাদা সম্পন্ন)। | - | সদস্য |
| (০৭) | তৃতীয় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীগণের একজন করিয়া প্রতিনিধি (আঞ্চলিক কল্যাণ কমিটির সভাপতি কর্তৃক মনোনীত) | - | সদস্য |
| (০৮) | উপ-পরিচালক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | সদস্য-সচিব |

## বাছাই কমিটিসমূহ

প্রয়োজনীয় সংশোধনপূর্বক বাছাই-কমিটিসমূহ নিম্নরূপভাবে গঠন করা হলো।

**(ক) কেন্দ্রীয় বিশেষ সাহায্য (চিকিৎসা, শিক্ষাবৃত্তি ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার আবেদনপত্রসমূহ) বাছাই কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (০১) | সিনিয়র সহকারী সচিব(কল্যাণ), সংস্থাপন মন্ত্রণালয়। | - | আহবায়ক |
| (০২) | সিভিল সার্জন এর প্রতিনিধি (মেডিক্যাল অফিসার), বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা। | - | সদস্য |
| (০৩) | সহকারী পরিচালক(প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। | - | সদস্য |
| (০৪) | সহকারী পরিচালক/প্রশাসনিক অফিসার, কল্যাণ তহবিল, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। | - | সদস্য |
| (০৫) | হিসাব রক্ষণ অফিসার, কল্যাণ তহবিল, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। | - | সদস্য |
| (০৬) | কল্যাণ অফিসার (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ঢাকা। | - | সদস্য |

CamScanner

উল্লেখ্য যে, কেন্দ্রীয় বিশেষ সাহায্য (চিকিৎসা, শিক্ষা-বৃত্তি, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার আবেদনসমূহ বাছাইকরণের নিমিত্তে সিনিয়র সহকারী সচিব (কল্যাণ), সংস্থাপন মন্ত্রণালয়কে আহবায়ক করে ৬ (ছয়) সদস্য বিশিষ্ট বাছাই কমিটি গঠন করা হইয়াছে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড সচিবালয়ের বাহিরে অবস্থিত। বাংলাদেশ সচিবালয়ে প্রবেশাধিকার সংরক্ষিত হওয়ায় বোর্ডের কর্মচারীগণকে প্রয়োজনীয় কাগজপত্রসহ সচিবালয়ে প্রবেশ করিতে প্রায়ই বাধার সম্মুখীন হইতে হয় এবং কোন কোন সময় সচিবালয়ে প্রবেশ করিতে না পারায় ফেরত আসিতে হয়। যার ফলে কার্যক্রম দারুনভাবে বিঘ্নিত হয়। কোন রকমে যদি সচিবালয়ে প্রবেশ করা যায় তবে পুলিশের এবং সচিবালয়ে ভ্রাম্যমান পুলিশ পরিদর্শক দলের সম্মুখিন হইয়া নাজেহাল হইতে হয়। এই অবস্থা নিরসন কল্পে এবং কার্যক্রমের স্বাভাবিক গতি রক্ষার্থে বাছাই কমিটির কার্যক্রমসমূহ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় সেগুনবাগিচা, ঢাকায় সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) **কেন্দ্রীয় শিক্ষা বৃত্তি, চিকিৎসা ও দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া সাহায্যের আবেদনপত্রসমূহ বাছাই কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (০১) | উপ-পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | আহবায়ক |
| (০২) | সিভিল সার্জন এর প্রতিনিধি (মেডিক্যাল অফিসার), বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা। | - | সদস্য |
| (০৩) | সহকারী পরিচালক (কর্মসূচী), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | সদস্য |
| (০৪) | হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | সদস্য |
| (০৫) | কল্যাণ অফিসার(কর্মসূচী), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | সদস্য |

(গ) **বিভাগীয় বিশেষ সাহায্য (চিকিৎসা, শিক্ষা বৃত্তি, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া), শিক্ষা বৃত্তি, চিকিৎসা সাহায্য, দাফন-কাফন/অন্ত্যেষ্টিক্রিয়া/ক্লাবের অনুদানের আবেদনপত্রসমূহ বাছাই কমিটি ঃ**

| | | | |
|---|---|---|---|
| (০১) | উপ-পরিচালক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | আহবায়ক |
| (০২) | উপ-পরিচালক, বিভাগীয় কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর। | - | সদস্য |
| (০৩) | সিভিল সার্জন এর প্রতিনিধি (মেডিক্যাল অফিসার) | - | সদস্য |
| (০৪) | হিসাব রক্ষণ অফিসার/সহকারী হিসাব রক্ষণ অফিসার বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | সদস্য |
| (০৫) | উপ-সহকারী পরিচালক/কল্যাণ অফিসার বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | সদস্য |
| (০৬) | সহকারী পরিচালক/প্রশাসনিক অফিসার (কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিল), বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | - | সদস্য |

৫। **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, কল্যাণ তহবিলের ডাকঘর সঞ্চয় হিসাব নং এফ,ডি ৪৩২২৬ তে ৩(তিন) বছর মেয়াদে বিনিয়োগকৃত টাকার প্রাপ্য মুনাফা সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখায় হ্যানান্তর পূর্বক ১(এক) বছর মেয়াদে বিনিয়োগ প্রসঙ্গে।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, কল্যাণ তহবিলের অর্থ ঢাকা জি,পি,ও তে সঞ্চয় হিসাব নং এফ,ডি-৪৩২২৬ এ ৩(তিন) বছর মেয়াদে বিভিন্ন কিস্তিতে টাঃ ১৩৯,৬৬,৬৩,৭৮০/- ( একশত উনচল্লিশ কোটি ছেষট্টি লক্ষ তেষট্টি হাজার সাতশত আশি) নিম্নরূপভাবে স্থায়ী আমানতে বিনিয়োগ করা আছে।

| ক্রমিক নং | ডাকঘর সঞ্চয়ী হিসাব | বিনিয়োগের তারিখ | বিনিয়োগকৃত টাকার পরিমান | মেয়াদ উত্তীর্নের তারিখ |
|---|---|---|---|---|
| ০১। | হিসাব নং ৪৩২২৬ | ২৪-১১-২০০১ | ৪০,০০,০০,০০০.০০ | ২৪-১১-২০০৪ |
| ০২। | " | ১৭-০১-২০০২ | ১৮,০০,০০,০০০.০০ | ২৭-০১-২০০৫ |
| ০৩। | " | ০১-০৬-২০০২ | ৩১,২৬,৭৫,৭৮০.০০ | ০১-০৬-২০০৫ |
| ০৪। | " | ২৪-০৬-২০০২ | ১৫,৩৪,৮৮,০০০.০০ | ২৪-০৬-২০০৫ |
| ০৫। | " | ০৩-০৯-২০০২ | ২৫,৩৮,০০,০০০.০০ | ০৩-০৯-২০০৫ |
| ০৬। | " | ২৮-১০-২০০২ | ৯,৬৭,০০,০০০.০০ | ২৪-১০-২০০৫ |
| | | মোট ঃ | ১৩৯,৬৬,৬৩,৭৮০.০০ | |

উক্ত টাকার মধ্যে ২০০৪-২০০৫ অর্থ বৎসরে ৪(চার) কিস্তির টাঃ ১০৪,৬১,৬৩,৭৮০/- (একশত চার কোটি একষট্টি লক্ষ তেষট্টি হাজার সাতশত আশি) এর মেয়াদ পূর্ণ হইবে। উক্ত টাকার মেয়াদ পূর্ন হওয়ায় টাঃ ৩৯,২৩,১১,৪১৭/- (উনচল্লিশ কোটি তেইশ লক্ষ এগার হাজার চারশত সতের) মুনাফা পাওয়া যাইবে। ২০০৪-২০০৫ অর্থ বৎসরে মাসিক কল্যাণ ভাতা, বিশেষ সাহায্য এবং অন্যান্য খরচ বাবদ টাঃ ৫১,১১,১৫,০০০/- (একান্ন কোটি এগার লক্ষ পনের হাজার) বাজেট বরাদ্দ রাখা হইয়াছে। বরাদ্দকৃত বাজেটে টাঃ ২২,৫৩,১৫,০০০/- (বাইশ কোটি তিপ্পান্ন লক্ষ পনের হাজার) ঘাটতি আছে। ২০০৪-২০০৫ অর্থ বৎসরে মেয়াদ শেষে বিনিয়োগকৃত আমানতসমূহ হইতে প্রাপ্য মুনাফা টাঃ ৩৯,২৩,১১,৪১৭/- (উনচল্লিশ কোটি তেইশ লক্ষ এগার হাজার চারশত সতের) হইতে বাজেটের ঘাটতি বাবদ টাঃ ২২,৫৩,১৫,০০০/- (বাইশ কোটি তিপ্পান্ন লক্ষ পনের হাজার) ব্যয় করা হইবে। মুনাফার অবশিষ্ট টাঃ ১৬,৬৯,৯৬,৪১৭/- (ষোল কোটি উনসত্তর লক্ষ ছিয়ানব্বই হাজার চারশত সতের) সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখায় ১ বছর মেয়াদে স্থায়ী আমানতে বিনিয়োগ করার প্রস্তাব করা হয়। উল্লেখ্য যে, সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে বিনিয়োগকৃত টাকার মুনাফা উত্তোলন পূর্বক ব্যয় মিটানোর পর অবশিষ্ট টাকা নতুন করিয়া ডাকঘর সঞ্চয় হিসাবে বিনিযোগ করা যাইবে না। বিনিয়োগকৃত মূল টাকার মেয়াদ নবায়ন করা যাইবে।

উপরোক্ত বিষয়ে আলোচনার পর ঢাকা জিপিওতে সঞ্চয় হিসাব নং এফডি-৪৩২২৬ এ বিনিয়োগকৃত টাকার মধ্যে মেয়াদ উত্তীর্ন টাকার প্রাপ্য মুনাফা উত্তোলন পূর্বক বাজেট ঘাটতি মিটানোর পর অবশিষ্ট টাঃ ১৬,৬৯,৯৬,৪১৭/- (ষোল কোটি উনসত্তর লক্ষ ছিয়ানব্বই হাজার চারশত সতের) সোনালী ব্যাংক, রমনা কর্পোরেট শাখায় ১ বৎসর মেয়াদে স্থায়ী আমানতে বিনিয়োগ এবং ঢাকা জিপিওতে পূর্বে বিনিয়োগকৃত মূল টাঃ১-৪,৬১,৬৩,৭৮০/- (একশত চার কোটি একষট্টি লক্ষ তেষট্টি হাজার সাতশত আশি) যথাস্থানে নির্ধারিত মেয়াদে স্থায়ী আমানতে পূনঃ বিনিয়োগ করার সিদ্ধান্ত গ্রহন করে।

**৬। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, যৌথবীমা তহবিলের ডাকঘর সঞ্চয় হিসাব নং এফ,ডি ৪৩০৪৯ তে ৩(তিন) বছর মেয়াদে বিনিয়োগকৃত টাকার প্রাপ্য মুনাফা জনতা ব্যাংক, তোপখানা শাখায় স্থানান্তর পূর্বক ১(এক) বছর মেয়াদে বিনিয়োগ প্রসঙ্গে।**

যৌথবীমা তহবিলের অর্থ ঢাকা জি,পি,ও তে ডাকঘর সঞ্চয় হিসাবে জমা হিসাব নং জেএফডি- ৪৩০৪৯ এ

(১) টাঃ ১৮,২১,৩৮,১০০/- ১১-০৭-২০০১ তারিখ হইতে

(২) টাঃ ৭,৪২,৩৭,১৩০/- ২৩-১০-২০০১ তারিখ হইতে

(৩) টাঃ ৭,৩৮,৯০,৫২০/- ২৪-০৩-২০০২ তারিখ হইতে

(৪) টাঃ ৬,৬৯,৫২,৯২৩/- ১৫-০৪-২০০২ তারিখ হইতে

(৫) টাঃ ৭১,৮৮,৫২০/- ০৯-০৫-২০০২ তারিখ হইতে প্রত্যেকটি ৩(তিন) বছর মেয়াদে

স্থায়ী আমানতে বিনিয়োগ করা আছে। বিনিয়োগকৃত টাকার মেয়াদ ২০০৪-২০০৫ অর্থ বৎসরে পূর্ণ হইবে এবং

মেয়াদ উত্তীর্ণের পর টাঃ ১৫.১৬ কোটি (পনের কোটি ষোল লক্ষ) মুনাফা পাওয়া যাইবে। মেয়াদ শেষে মূল টাকা মুনাফা সহ উক্ত স্থানে পুনঃ বিনিয়োগ করিলে ৩(তিন) বৎসর মেয়াদেই করিতে হইবে। সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে বিনিয়োগকৃত টাকার মুনাফা উত্তোলন পূর্বক ব্যয় মিটানোর পর অবশিষ্ট টাকা নতুন করিয়া ডাকঘর সঞ্চয় হিসাবে বিনিয়োগ করা যাইবে না। বিনিয়োগকৃত মূল টাকার মেয়াদ নবায়ন করা যাইবে। মূল টাকা ও প্রাপ্য মুনাফা উভয় অংশই যদি ৩(তিন) বৎসরের জন্য বিনিয়োগ করা হয় তাহা হইলে যৌথবীমার দাবীর অনুকূলে মঞ্জুরীকৃত টাকা পরিশোধ করা যাইবে না। কেননা ২০০৪-২০০৫ অর্থ বৎসরে যৌথবীমা তহবিলের দাবী পরিশোধ বাবদ ব্যয় ধরা হইয়াছে টাঃ ২১.০০ কোটি (একুশ কোটি)। কিন্তু যৌথবীমার প্রিমিয়াম বাবদ আয় ধরা হইয়াছে টাঃ ১৮.০৫ কোটি (আঠার কোটি পাঁচ লক্ষ)। কাজেই ২০০৪-২০০৫ অর্থ বৎসরে টাঃ ২.৯৫ কোটি (দুই কোটি পঁচানব্বই লক্ষ) বাজেট ঘাটতি আছে। বিনিয়োগকৃত টাকার প্রাপ্য মুনাফা দ্বারা বাজেট ঘাটতি মিটানোসহ অন্যান্য ব্যয়ের জন্য ঢাকা জিপিও তে ডাকঘর সঞ্চয় হিসাবে বিনিয়োগ না করিয়া জনতা ব্যাংক, তোপখানা রোড কর্পোরেট শাখা, ঢাকায় বিনিয়োগ করার প্রস্তাব করা হয়।

উপর্যুক্ত অবস্থা পর্যালোচনা করিয়া মৃত কর্মচারীদের পরিবারের যৌথবীমার দাবীর অনুকূলে মঞ্জুরীকৃত টাকা প্রদানে যাহাতে অসুবিধা না হয় সেইজন্য ২০০৪-২০০৫ অর্থ বৎসরে প্রাপ্য মুনাফা টাঃ ১৫.১৬ কোটি (পনের কোটি ষোল লক্ষ) হইতে ২.৯৫ কোটি ব্যয়ের জন্য রাখিয়া অবশিষ্ট টাঃ ১২.২১ কোটি জনতা ব্যাংক, তোপখানা রোড কর্পোরেট শাখা, ঢাকায় বিনিয়োগ করার এবং পূর্বে বিনিয়োগকৃত মূল টাকা ঢাকা জিপিও তে ডাকঘর সঞ্চয় হিসাবে নির্ধারিত মেয়াদে পূনঃবিনিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করে।

**৭। কল্যাণ তহবিলের সহকারী প্রোগ্রামার ও হিসাব রক্ষণ অফিসার এবং যৌথবীমা তহবিলের হিসাব রক্ষণ অফিসারের অফিস কক্ষে টেলিফোন সংযোগ প্রদান এবং প্রশাসনিক অফিসার, কল্যাণ তহিবল ও যৌথবীমা তহিবিল এর আবাসিক টেলিফোন সংযোগ বিচ্ছিন্নকরণ প্রসঙ্গে।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সাবেক বোর্ড অব ট্রাষ্টিজ), কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিল এর প্রশাসনিক অফিসারদ্বয়কে ২টি আবাসিক টেলিফোন নং যথাক্রমে ৮১২৮৫৯৫ ও ৭২০১৩৯৯ বরাদ্দ দেওয়া হইয়াছিল। বরাদ্দকৃত টেলিফোন ২ (দুই) টির সংযোগ বিচ্ছিন্ন করিয়া হিসাব রক্ষণ অফিসার, কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিলের অফিস কক্ষে এবং সহকারী প্রোগ্রমার, কল্যাণ তহবিল এর অফিস কক্ষে একটি নতুন টেলিফোন সংযোগের প্রস্তাব করা হয়।

সভায় বিস্তারিত আলোচনা করিয়া প্রশাসনিক অফিসার, কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিলের আবাসিক টেলিফোন দুইটির সংযোগ বহাল রাখা হয় এবং সহকারী প্রোগ্রামার, হিসাব রক্ষণ অফিসার, কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিলের অফিস কক্ষে নতুন টেলিফোন সংযোগ স্থাপনের বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা পূর্বক বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**৮। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয় ও প্রত্যেক বিভাগীয় কার্যালয়ের জন্য ১টি করিয়া পার্সোনাল কম্পিউটার (PC) ক্রয় এবং প্রত্যেক বিভাগীয় অফিসের জন্য ১টি করিয়া ২৪ ইঞ্চি রোলার অলিম্পিয়া টাইপ রাইটার ক্রয় প্রসঙ্গে।**

বোর্ড এর কার্যক্রম অতি সম্প্রতি বিভাগীয় কার্যালয়সমূহে সম্প্রসারণ কাজ প্রক্রিয়াধীন। বিভাগীয় পর্যায়ে অফিস সম্প্রসারিত হইলে কাজের পরিধি অনেক বাড়িয়া যাইবে। তথ্য প্রযুক্তির যুগে উপরোক্ত কার্যক্রমসমূহ সম্পাদনের জন্য বোর্ডের প্রধান কার্যালয়সহ প্রত্যেক বিভাগীয় কার্যালয়ের জন্য ১টি করিয়া পার্সোনাল কম্পিউটার (PC) অত্যন্ত প্রয়োজন। কল্যাণ তহবিল হইতে ধারাবাহিক মাসিক কল্যাণ অনুদান কার্ডের মাধ্যমে মঞ্জুর করা

হইয়া থাকে। বোর্ডের কার্যক্রম কম্পিউটারাইসড্ করার বিষয়টি প্রক্রিয়াধীন থাকায় বিভাগীয় পর্যায়ে অফিস সম্প্রসারিত হইলে উক্ত কার্ডে প্রয়োজনীয় তথ্যাদি মুদ্রণের জন্য চব্বিশ ইঞ্চি রোলার অলিম্পিয়া টাইপ রাইটার প্রয়োজন। এজন্য প্রধান কার্যালয়সহ প্রত্যেক বিভাগীয় কার্যালয়ের জন্য ১টি করিয়া মোট ৭টি পার্সোনাল কম্পিউটার (PC) এবং ১টি করিয়া মোট ৭টি চব্বিশ ইঞ্চি রোলার অলিম্পিয়া টাইপ রাইটার ক্রয় এবং এতদসংক্রান্ত আনুমানিক ব্যয় টাঃ ৫.৫০ লক্ষ (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) মঞ্জুরীর প্রস্তাব করা হয়।

বর্নিত অবস্থার আলোকে বোর্ডের প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়ে কার্যক্রমসমূহ সুষ্ঠ, সুন্দর এবং দ্রুত সম্পন্নের জন্য প্রধান কার্যালয়সহ প্রত্যেক বিভাগীয় কার্যালয়ের জন্য ১টি করিয়া মোট ৭টি পার্সোনাল কম্পিউটার (PC) এবং ১টি করিয়া মোট ৭টি চব্বিশ ইঞ্চি রোলার অলিম্পিয়া টাইপ রাইটার ক্রয়ের প্রস্তাব সর্বসম্মতভাবে অনুমোদন এবং এতদসংক্রান্ত প্রস্তাবিত ব্যয় টাঃ ৫.৫০ লক্ষ (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) মঞ্জুরী প্রদান করে।

**৯। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর প্রধান কার্যালয়ে কল্যাণ তহবিল হইতে প্রদত্ত ধারাবাহিক মাসিক কল্যাণ অনুদান, চিকিৎসা সাহায্য, শিক্ষাবৃত্তি, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া এবং যৌথবীমা তহবিল হতে প্রদত্ত এককালীন সাহায্য ইত্যাদি কার্যক্রম কম্পিউটার প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নির্ভুল ও গতিশীল করার লক্ষ্যে একটি কাষ্টমাইসড্ সফট্ওয়্যার তৈরী করণের অনুমোদন প্রসঙ্গে।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, কল্যাণ তহবিল ও যৌথবীমা তহবিল হইতে প্রজাতন্ত্রের সকল সরকারী ও বোর্ডের আওতাভূক্ত ১৯টি স্বায়ত্বশাসিত সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীগনকে বিভিন্ন ধরনের আর্থিক অনুদান মঞ্জুরী সংক্রান্ত কার্যক্রম আধুনিক কম্পিউটার প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নির্ভুল, গতিশীল ও তথ্যসমূহ সংরক্ষণ করার লক্ষ্যে একটি কাষ্টমাইসড্ সফট্ওয়্যার তৈরী করণের প্রস্তাব করা হয়। সভায় আরো জানানো হয় যে, এই বিষয়ে প্রাথমিক ধারণা গ্রহণের জন্য একটি সফট্ওয়্যার তৈরী কারক কোম্পানী 'টোটাল সফটওয়্যার সলিউশন (টি.এস.এস)' এর নিকট হইতে টেকনিক্যাল ও ফাইনানসিয়াল অফার সংগ্রহ করা হইয়াছে। উহাতে দেখা যায় যে, একটি কাষ্টমাইসড্ সফট্ওয়্যার তৈরী করিতে আনুমানিক টাঃ ৫.১৮ লক্ষ (পাঁচ লক্ষ আঠার হাজার) খরচ হইতে পারে।

জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালার আলোকে ই-গভর্নেন্স পদক্ষেপকে আরো জোরদার করার লক্ষ্যে বোর্ডের কার্যক্রমসমূহকে নির্ভুল, গতিশীল ও তথ্যসমূহ সংরক্ষণ করার জন্য 'কম্পিউটার ক্রয়, প্রশিক্ষণ এবং কম্পিউটার ও এসি সংরক্ষণ' খাতে ২০০৪-২০০৫ অর্থ বৎসরে টাঃ ১০.০০ লক্ষ (দশ লক্ষ) বাজেট বরাদ্দ রহিয়াছে এবং উক্ত অর্থ হইতে কাষ্টমাইসড্ সফট্ওয়্যার তৈরী বাবদ অনুমিত ব্যয় টাঃ ৫.১৮ লক্ষ (পাঁচ লক্ষ আঠার হাজার) মিটানোর প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**১০। বিভিন্ন সংস্থাকে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের অন্তর্ভূক্ত করণ প্রসঙ্গে।**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হইতে প্রদত্ত বিভিন্ন আর্থিক সুবিধাদি প্রাপ্তির জন্য (১) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (এস,ই,সি), (২) বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বি, আর, ডি, বি), (৩) বাংলাদেশ ইনষ্টিটিউট অব ইন্টারন্যশনাল এন্ড ষ্ট্রাটেজিক ষ্টাডিজ এবং (৪) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এবং (৫) বাংলাদেশ জাতীয় যাদুঘর বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এর আওতাভূক্ত হওয়ার জন্য আবেদন করিয়াছেন। উক্ত আবেদনসমূহ সভায় উপস্থাপন করা হয়। সদস্য-সচিব সভায় অবহিত করেণ যে, এই ধরনের বহু প্রতিষ্ঠান ইতিপূর্বে আবেদন করিয়াছিল। আবেদনকারী সকল প্রতিষ্ঠানকে বোর্ডের অন্তর্ভূক্ত করা হইলে বোর্ডের কার্যক্রম ব্যাপক হারে

বৃদ্ধি পাইবে ফলে বোর্ডের কার্যক্রম পরিচালনায় সমস্যা দেখা দিতে পারে বলিয়া আবেদিত প্রতিষ্ঠান সমূহকে বোর্ডের অন্তর্ভূক্ত না করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় উপস্থাপিত আবেদনসমূহের প্রেক্ষিতে বিভিন্ন সংস্থা বা প্রতিষ্ঠানকে বোর্ডের অন্তর্ভূক্ত করা হইলে কি ধরণের সুবিধা-অসুবিধা হইতে পারে তাহার সম্ভাব্যতা যাচাই করা প্রয়োজন। এই প্রেক্ষিতে বিভিন্ন সংস্থাকে বোর্ডের অন্তর্ভূক্ত করার ব্যাপারে পরীক্ষা-নিরীক্ষা করার জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠণ করে।

**কমিটি ঃ**

০১। যুগ্ম-সচিব (প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয় - আহবায়ক

০২। উপ-সচিব(প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ - সদস্য

০৩। উপ-সচিব(মতামত), আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় - সদস্য

০৪। উপ-সচিব(ব্যয় নিয়ন্ত্রন), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। - সদস্য

০৫। উপ-পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড - সদস্য

কমিটি প্রাপ্ত আবেদনসমূহের বিভিন্ন তথ্য-উপাত্ত পর্যালোচনা করিয়া কোন সংস্থা বা প্রতিষ্ঠানকে অন্তর্ভূক্ত করা যাইবে কি না সেই ব্যাপারে সুনির্দিষ্ট মতামতসহ একটি প্রতিবেদন সচিব, সংস্থাপন মন্ত্রণালয়ের নিকট পেশ করিবে। পেশকৃত মতামত বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করা হইবে বলিয়া সিদ্ধান্ত গৃহীত হয়।

**১১। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর মহা-পরিচালকের অফিসিয়াল গাড়ীটি সি,এন,জি-তে রূপান্তরকরন।**

বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত মোতাবেক পরিবেশ দূষন রোধে ৮(আট) বছরের কম সময়ের জন্য ব্যবহৃত গাড়ি সমূহ সি,এন,জি তে রুপান্তর করা প্রয়োজন। এই প্রেক্ষিতে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর মহা-পরিচালকের অফিসিয়াল গাড়ীটি সি,এন,জি-তে রূপান্তরকরন এবং সি,এন,জি তে রূপান্তরকরণ বাবদ টাঃ ৪০,০০০/- (চল্লিশ হাজার) ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়।

মহা-পরিচালকের অফিসিয়াল গাড়ীটি সি,এন,জি তে রুপান্তরকরণ এবং সি,এন,জি তে রূপান্তরকরণ বাবদ টাঃ ৪০,০০০/- (চল্লিশ হাজার) ব্যয় বরাদ্দ অনুমোদন করে।

**১২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ নিয়োজিত ধারা ৩০ এর অধীনে নিয়োজিত বোর্ডের কর্মচারীদের সন্তানদের শিক্ষা বৃত্তি সংক্রান্ত।**

বোর্ডে কর্মরত ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর সন্তানদের ৬ষ্ঠ শ্রেণী হইতে তদুর্ধ শ্রেণীতে অধ্যয়নরত অনধিক ২(দুই) সন্তানকে বোর্ড কর্তৃক নির্ধারিত হারে বৎসরে ১(এক) বার শিক্ষা বৃত্তি প্রদান করা হয়। ৬ষ্ঠ হইতে তদোর্ধ শ্রেণীতে অধ্যয়নের ক্ষেত্রে প্রদেয় শিক্ষা বৃত্তি বৃদ্ধি করণের প্রস্তাব করা হয়। বোর্ড বর্তমান আর্থ সামাজিক অবস্থায় শিক্ষার উপকরণসমূহের মূল্য বৃদ্ধির প্রেক্ষিতে প্রস্তাবিত শিক্ষা বৃত্তি নিম্নরূপভাবে অনুমোদন করে। অনুমোদিত শিক্ষাবৃত্তির প্রাপ্যতা ০১-০৭-২০০৪ তারিখ হইতে কার্যকর হইবে।

| শ্রেণী | বর্তমানে প্রদেয় বৃত্তির টাকা (বার্ষিক) | অনুমোদিত বৃত্তির টাকা (বার্ষিক) |
|---|---|---|
| ক) ৬ষ্ঠ শ্রেণী (সমমান) হইতে ৮ম শ্রেণী (সমমান) পর্যন্ত | টাঃ ৩০০/- | টাঃ ৬০০/- |
| খ) ৯ম শ্রেণী হতে ১০ শ্রেণী বা এর সমমান পর্যন্ত | টাঃ ৩৫০/- | টাঃ ৮০০/- |
| গ) একাদশ, দ্বাদশ বা এর সমমান পর্যন্ত | টাঃ ৫০০/- | টাঃ ১০০০/- |
| ঘ) স্নাতক, সম্মান বা এর সমমান পর্যন্ত | টাঃ ৭০০/- | টাঃ ১২০০/- |
| ঙ) স্নাতকোত্তর বা এর সমমানের পর্যন্ত | টাঃ ১২৫০/- | টাঃ ১৮০০/- |

১৩। বোর্ডের প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়ের কন্টিনজেন্সি ঝাড়ুদারের বেতন বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

সাবেক সরকারি কর্মচারী কল্যাণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ১ জন, ঢাকা বিভাগীয় কার্যালয়ে ১ জন ঝাড়ুদার কাজের বিনিময়ে প্রতি কর্মদিবসে টাঃ ৫০/- (পঞ্চাশ) ও সাবেক বোর্ড অব ট্রাষ্টিজের ১ জন ঝাড়ুদারকে মাসিক টাঃ ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) নির্ধারিত বেতন প্রদান করা হইতেছে। তাহাদের বর্তমান বেতন টাঃ ৫৫০/- এর স্থলে প্রতি মাসে টাঃ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) প্রদানের প্রস্তাব আলোচনার পর সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করিয়া সভার সমাপ্তি ঘোষনা করেন।

( সফর রাজ হোসেন )
ভারপ্রাপ্ত সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

৭।৯।০৪

সচিব
সংস্থাপন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।